বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)

বিসিসি ভবন, প্লট নং-ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৮১৪৪০৪৬, ফ্যাক্সঃ ৯১২৪৬২৬, ই-মেইলঃ bcc@bcc.net.bd, ওয়েবঃ www.bcc.net.bd

তারিখঃ ১১.০৫.২০১১

প্রেস বিজ্ঞপ্তি

রাজশাহী "ডিজিটাল স্বাক্ষর ও আমাদের করণীয়" শীর্ষক কর্মশালা

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়াধীন "দেশে ডিজিটাল স্বাক্ষর প্রবর্তন ও Office of the Controller of Certifying Authority-এর কার্যালয় চালুকরণ" কর্মসূচীর আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ অনুযায়ী দেশে ই-পেমেন্ট, ই-লেনদেন, ই-কমার্স, ই-প্রকিউরমেন্ট, সর্বোপরি ই-গভর্ণেন্স চালুর উদ্দেশ্যে ডিজিটাল স্বাক্ষর চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ডিজিটাল স্বাক্ষর পদ্ধতির পরিচিতি, ডিজিটাল স্বাক্ষর ব্যবহারের ক্ষেত্রসমূহ এবং অন্যান্য বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে রাজশাহীর বিভাগীয় ও জেলা প্রশাসনের সহায়তায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ১১ মে ২০১১ তারিখ রাজশাহী জেলার নানকিং দরবার হলে ও বিসিসি'র রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে দিনব্যাপী "ডিজিটাল স্বাক্ষর ও আমাদের করণীয়" শীর্ষক কর্মশালা আয়োজন করে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহীর অতিরিক্ত বিভাগীয় কমিশনার জনাব স্বপন কুমার রায়। কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব সুবোল বোস মনি, ভারপ্রাপ্ত জেলা প্রশাসক, রাজশাহী। মূল বক্তব্য উপস্থাপন করেন বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের পরামর্শক জনাব মুনির হাসান। ডিজিটাল স্বাক্ষর বিষয়ে আলোচনা ও ব্যবহারিক দুই সেশনের কর্মশালায় জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাসহ, ব্যাংক, শিক্ষা প্রতিষ্ঠান ও সংবাদ মাধ্যমের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।